

এইচএসসি ২০০৩

## গাজীপুরে দুধরনের প্রশ্নপত্র!

গাজীপুর ও টাঙ্গী প্রতিনিধি :  
এইচএসসি পরীক্ষার প্রথম দিনে  
গাজীপুরে দুই ধরনের প্রশ্নপত্র  
নিয়ে কেলার পরীক্ষার্থীদের মাঝে  
বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। পরীক্ষার্থী  
ও অভিভাবকদের মধ্যে হতাশা ও  
ক্ষোভের সৃষ্টি হয়। জানা গেছে,  
গতকাল বৃহস্পতিবার  
এইচএসসির ইংরেজি প্রথম পত্র  
পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ  
পরীক্ষায় কেলার সবকটি কেন্দ্রে  
'ক' সেট প্রশ্নপত্রের মাধ্যমে  
পরীক্ষা অনুষ্ঠিত হলেও সদর  
উপজেলার গাজীপুর ক্যান্টনমেন্ট  
বোর্ড কলেজ কেন্দ্রে 'খ' সেটের  
প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা  
অনুষ্ঠিত হয়। ডাওয়াল বদরে  
আলম সরকারি বিশ্ববিদ্যালয়  
কলেজ কাস্টী আজিমউদ্দিন  
কলেজের ৯৪৭ জন পরীক্ষার্থী  
এই কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ  
করে। 'খ' সেটের প্রশ্নপত্র হাতে  
পেয়ে পরীক্ষার্থীদের অনেকেই  
হতাশায় ডেঙে পড়ে।  
পরীক্ষার্থীদের মতে, অপেক্ষাকৃত  
কঠিন 'খ' সেটের প্রশ্নপত্রের  
সবগুলো উত্তর দেওয়া সবার  
পক্ষে সম্ভব নয়। ফলে এ কেন্দ্রের  
● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

## গাজীপুরে দুধরনের প্রশ্নপত্র!

● এখন পাঠ্য পুস্তক  
অনেক পরীক্ষার্থীই এবার ফলাফল  
নির্ধারণের সম্মুখীন হতে পারে। এ ব্যাপারে  
কেন্দ্রের অধ্যক্ষ জানান, কর্তৃপক্ষের জ্বলের  
কারণেই 'খ' সেট প্রশ্নপত্রের মাধ্যমে  
পরীক্ষা গ্রহণ করা হয়েছে।